



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি শিক্ষা অধিদপ্তর

শাখা-০৬ (ভোকেশনাল-১)

www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.২৩.০০১.১৮.২২৮

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৪

১২ মার্চ ২০১৮

বিষয়: আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রাজশাহী বিভাগ, শেরপুর. বগুড়া-এর ভূমি মাপার কাজে সার্ভেয়ার প্রদান প্রসঙ্গে।

সূত্র: আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রাজশাহী বিভাগ, শেরপুর. বগুড়া-এর স্মারক নং- আঞ্চঃপরিঃ/রাজশাহী বিভাগ/- ১৪১/৩০৪ তারিখঃ ২০/০২/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রাজশাহী বিভাগ, শেরপুর. বগুড়া-এর ভূমি সংক্রান্ত বিষয়ে আঞ্চলিক পরিদর্শকের নিকট হতে একখানা পত্র পাওয়া গেছে।

২। পত্রে আঞ্চলিক পরিদর্শক জানান যে, গত ২০/০২/২০১৮খ্রিঃ তারিখে শেরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা তাকে আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, রাজশাহী বিভাগ, শেরপুর, বগুড়া এর সীমানা প্রাচীর দ্বারা বেষ্টিত সম্পত্তির সাবেক দাগ নং- ৪২১ খতিয়ান নং-৫০ এর ০.৪০ একর জমি শেরপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর অনুকূলে ক্রয়কৃত বলে জানান এবং উক্ত জমি পরিমাপের জন্য পরিদর্শকের পক্ষে একজন সার্ভেয়ার প্রদানের জন্য তাকে অনুরোধ করেন।

৩। বর্ণিত পত্রটি কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ হলে তিনি গত ০৬/০৩/২০১৮খ্রিঃ তারিখে টেলিফোনে বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা, শেরপুর, বগুড়া-এর সাথে আলাপ করেন এবং মহাপরিচালক মহোদয় বিষয়টি সুষ্ঠু সমাধানের জন্য অধিদপ্তরের পক্ষ হতে বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষকে দায়িত্ব প্রদানের বিষয়টি উল্লেখ করেন।

৪। বর্ণিত আলোচনা মোতাবেক বিষয়টি নিষ্পত্তির নিমিত্ত বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট-এর অধ্যক্ষ জনাব মোঃ শাহাদাৎ হোসেন-কে দায়িত্ব প্রদান করা হলো।

৫। তিনি সরেজমিনে আঞ্চলিক পরিদর্শকের সহায়তায় স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা সাপেক্ষে বিষয়টি দ্রুত নিষ্পত্তি পূর্বক এ সংক্রান্ত একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন।

৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

১১-৩-২০১৮

ড. মো: নুরুল ইসলাম
পরিচালক

জনাব মোঃ শাহাদাৎ হোসেন, অধ্যক্ষ, বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট,
বগুড়া।

ইন্সটিটিউট, বগুড়া।

স্মারক নম্বর:

৩৭.০৩.০০০০.০২৪.২৩.০০১.১৮.২২৮/১(৬)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) জেলা প্রশাসক, বগুড়া।


২) উপজেলা নির্বাহী কর্মকর্তা, শেরপুর, বগুড়া।

৩) আঞ্চলিক পরিদর্শক, টেকনিক্যাল স্কুল ও কলেজ সমূহ রাজশাহী বিভাগ, শেরপুর, বগুড়া।

৪) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বগুড়া।

৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।

৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১১-৩-২০১৮

ড. মো: নূরুল ইসলাম
পরিচালক